

(নিজস্ব প্রতিনিধি)

নয়াদিল্লি, ১৯শে আগস্ট - আজ সুপ্রিম কোর্টে মোহনবাগান ক্লাব সংক্রান্ত শুনানিতে ক্লাবের পক্ষে আইনজীবী সোমনাথ চ্যাটার্জি কিছু গুরুত্বপূর্ণ পরামর্শ দেন। সোমনাথ চ্যাটার্জি বিচারপতি অলোক গুপ্তকে চেয়ারম্যান করে মোহনবাগান ক্লাবের নির্বাচনী কমিটি গড়ার পরামর্শ দেন। প্রায় দু'ঘন্টা ধরে এই শুনানিতে আইনজীবী সোমনাথ চ্যাটার্জির বক্তব্য শুনে বিচারপতি বলেন, মোহনবাগানের

কর্মসমিতির ওপর কোনোরকম নিষেধাজ্ঞা নেই। কর্মসমিতি নিজস্ব পদ্ধতিতে কাজ চালিয়ে যেতে পারে।

বিচারপতির কথা অনুসারে ক্লাব তার যাবতীয় হিসাব-নিকাশ পেশ করতে রাজি হয়েছে। এছাড়া ১৮ জনের কর্মসমিতির মধ্যে ক্লাব আর যে বিষয়টি মেনে নিয়েছে, তা হলো হাইকোর্ট মনোনীত আরও কয়েকজন সদস্যকে কর্মসমিতির মধ্যে নেওয়া।

আজ প্রায় দু'ঘন্টা ধরে এই শুনানি শেষ।

সর্বভারতীয় ক্যারটে

(নিজস্ব প্রতিনিধি)

কলকাতা, ১৯শে আগস্ট - আগামী ২১শে আগস্ট নেতাজী ইন্ডোরে দ্বিতীয় সর্বভারতীয় ওপেনে ক্যারটে চ্যাম্পিয়নশিপ অনুষ্ঠিত হবে। বেলা ৩টে থেকে প্রতিযোগিতা শুরু হবে। দুটো বিভাগে (৬১ কিলোগ্রাম ও ৭৫ কেএল) প্রতিযোগিতা হবে। মোট ৬৩ জন এখানে অংশ নেবেন। রাজ্যের ক্রীড়ামন্ত্রী সুভাষ চক্রবর্তী প্রতিযোগিতার উদ্বোধন করবেন।

এবং ক্রীড়ামন্ত্রীর চেঞ্চার স্টেডিয়ামটি সংগঠকরা বিনামূল্যে পেয়েছেন বলে সংগঠন সচিব শিবাজী গাঙ্গুলি জানান।

প্রতিযোগিতায় মোট খরচ হচ্ছে ষাট হাজার টাকা। প্রতি দু'বছর অন্তর এই প্রতিযোগিতা হচ্ছে। গভবারের চ্যাম্পিয়ন সুদীপ দে এবারেও অংশ নিচ্ছেন। বিজয়ী পাবেন ওইয়েমা কাপ। জেলার স্কুল ছাত্র-ছাত্রীদের জন্য ৪৪০০ টিকিট বিনামূল্যে দেওয়া হবে।

সেমিফাইনালে চারদেশ

জাকার্তা, ১৯শে আগস্ট - দক্ষিণ কোরিয়া, জাপান, চীন এবং উদ্যোক্তন ইন্দোনেশিয়া এশীয় জুনিয়র ভলিবলের বালক ও বালিকা উভয় বিভাগের সেমিফাইনালে উঠেছে।

চীনের ছেলেরা ১৫-৮, ১৫-১০, ১৩-১৫ ও ১৫-১০ গেমের ভারতকে হারিয়ে সেমিফাইনালে পৌঁছে যায়। বাকি তিনটি দল গতকালের ফলাফলের ভিত্তিতে আগেই

ছেলেদের সেমিফাইনালে পৌঁছে যায়। চীনের মেয়েরা জাপানকে ১০-১৫, ১৫-১০, ১৫-১১ ও ১৫-২ গেমের হারিয়ে সেমিফাইনালে খেলার যোগ্যতা অর্জন করে। অন্যদিকে ইন্দোনেশিয়া ১৫-৬, ১৫-১০ ও ১৫-১২ গেমের ভারতকে হারিয়ে মেয়েদের সেমিফাইনালে পৌঁছে যায়। দক্ষিণ কোরিয়া ও জাপান এর আগেই সেমিফাইনালে খেলার যোগ্যতা পেয়ে যায়। -এ এফ পি

সি এ বি'র বিদায়

মাদ্রাজ, ১৯শে আগস্ট - বুচিবাবু আমন্ত্রণমূলক ক্রিকেটের সেমিফাইনালে উঠলো স্টেট ব্যাংক অব ইন্ডিয়া। ফলে তামিলনাড়ু ক্রিকেট অ্যাসোসিয়েশন সভাপতি একাদশ এই প্রতিযোগিতা থেকে বিদায় নিল। একই সঙ্গে সি এ বি একাদশও বিদায় নিয়েছে। স্টেট ব্যাংক দলের টেস্ট ক্রিকেটার গাইয়ুদ আজহারউদ্দিন ১১৪ রান

করেন।

অন্যদিকে কর্ণাটক একাদশের কাছে এক ইনিংস এবং ৩৬ রানে হেরে প্রতিযোগিতা থেকে বিদায় নিল সি এ বি দল। সি এ বি দলের পরাফরমেস প্রথম থেকেই ভালো না হওয়ার ফলে প্রথম ইনিংসেই তারা কর্ণাটকের থেকে পিছিয়ে পড়ে।

-ইউ এন আই